

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৩৫৩

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - ভয় ও কান্না

الْفَصْلُ الثَّنْفُ (بَابُ الْبُكَاءِ وَالْخَوْفِ)

আরবী

وَعَنْ أَبِي جُحَيْفَةَ قَالَ: قَالُوا: يَا رَسُولَ اللَّهِ قَدْ شَبِتَ. قَالَ: «شَيْبَتْنِي سُورَةُ هُودٍ وَأَخْوَاتُهَا». رَوَاهُ التِّرْمِذِيُّ

সنده ضعیف ، رواه الترمذی (فی الشمائل : 42) و الطبرانی فی الکبیر (22 / 123 ح 317) * ابو اسحاق عنعن و انظر الحدیث الآتی (5354) -

বাংলা

৫৩৫৩-[১৫] আবু জুহায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সাহাবায়ি কিরামগণ বললেন, হে আল্লাহর রসূল! আপনি তো বৃদ্ধ হয়ে গেছেন। তিনি (সা.) বললেন, সূরা হূদ ও ঐরূপ সূরাগুলোই আমাকে বৃদ্ধ করে ফেলেছে। (তিরমিযী)

ফুটনোট

সহীহ : তিরমিযী ৩২৯৭, সিলসিলাতুস সহীহাহ্ ৯৫৫, মুসনাদে বাযযার ৯২, আবু ইয়া'লা ৮৮০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৭৭৭৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (يَا رَسُولَ اللَّهِ قَدْ شَبِتَ) হে আল্লাহর রসূল! আপনি তো বার্ধক্যে পৌঁছে গেছেন অর্থাৎ আপনার তো মাথার চুল পেকে গেছে। তবে 'আল্লামাহ্ কারী (রহিমাল্লাহ) বলেন, অর্থাৎ বার্ধক্য আসার পূর্বেই আপনি দুর্বল হয়ে পড়েছেন। এর দ্বারা এটা উদ্দেশ্য নয় যে, আপনার মাথায় অনেক চুল, পেকে গেছে। যেহেতু তিরমিযী গ্রন্থে আনাস (রাঃ) থেকে বর্ণিত হয়েছে। তিনি বলেন، وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلِحَيْثِهِ إِلَّا، (مَا عَرَدْتُ فِي رَأْسِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ)

أَرَبْعَ عَشْرَةَ شَعْرَةً بَيْضًا) আমি রাসূলুল্লাহ (সা.) -এর মাথা ও দাড়িতে ১৪টির বেশি পাকা চুল গণনা করে পায়নি। তিনি (সা.) উত্তর দিলেন। আমাকে সূরাহ হূদ এবং তার সমজাতীয় সূরাগুলো দুর্বল করে দিয়েছে। কেননা এ সূরাগুলোতে কিয়ামাতের ভয়ানক অবস্থার বর্ণনা রয়েছে এবং পূর্ববর্তী উম্মতের দৃষ্টান্ত বর্ণনা করা হয়েছে। ফলে উম্মতের চিন্তায় আমি সময়ের পূর্বে বার্ধক্যে পৌঁছে। গেছি। (তুহফাতুল আহুওয়ামী ৮/৩২৯৭, মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু জুহাইফাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85332>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন